

সাকুলার নংঃ বিজিএ/কাস/২০২৪/৯০

তারিখঃ ০৩/০১/২০২৪


সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ বন্ডের আওতায় অঙ্গীকারনামার বিপরীতে ছাড়করণকৃত আমদানি পণ্যের এইচ.এস. কোড নির্ধারিত সময়ে বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৬/১২/২০২৩ইং তারিখে কাস্টমস বন্ড সংক্রান্ত ওয়ার্কিং কমিটির অনুষ্ঠিত সভায় কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর/দক্ষিণ/) এবং চট্টগ্রাম এর প্রতিনিধিগণ জানান, এইচ.এস. কোড সংক্রান্ত জটিলতার কারণে অনেক আমদানি পণ্য অঙ্গীকারনামার বিপরীতে খালাস করা হয় এবং উক্ত এদইচ.এস.কোড ১ মাসের মধ্যে বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত করার বাধ্যবাধকতা থাকে। কিন্তু অনেক প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে উক্ত এইচ.এস. কোড বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত করছে না যার কারণে একই পণ্য খালাসে একাধিকবার সমস্যার সম্মুখীন হয়ে থাকেন।

বন্ড লাইসেন্সে ১ মাসের মধ্যে অন্তর্ভুক্তকরণের শর্তে অঙ্গীকারনামার বিপরীতে খালাসকৃত আমদানি পণ্যের এইচ.এস. কোডসমূহ নির্ধারিত সময়ে অন্তর্ভুক্ত করে অঙ্গীকারনামা অবমুক্ত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান
মহাসচিব